# আল ইরশাদ-সহীহ আকীদার দিশারী

বিভাগ/অধ্যায়ঃ الأصل الخامس: الإيمان باليوم الآخر - পঞ্চম মূলনীতি: শেষ দিবসের প্রতি ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

পাপীদের ব্যাপারে শাফা‘আত অস্বীকারকারীদের জবাব

যারা বলেছে, কিয়ামতের দিন শাফা‘আত কোনো কাজে আসবে না, তাদের কথার দু’টি অর্থ হতে পারে।

(১) মুশরিকদের জন্য কোনো সুপারিশ কাজে আসবে না। যেমন আল্লাহ তা‘আলা বলেন,

﴿مَا سَلَكَكُمْ فِي سَقَرَ قَالُوا لَمْ نَكُ مِنَ الْمُصَلِّينَ وَلَمْ نَكُ نُطْعِمُ الْمِسْكِينَ وَكُنَّا نَخُوضُ مَعَ الْخَائِضِينَ وَكُنَّا نُكَذِّبُ بِيَوْمِ الدِّينِ حَتَّى أَتَانَا الْيَقِينُ فَمَا تَنْفَعُهُمْ شَفَاعَةُ الشَّافِعِينَ﴾

“তোমাদেরকে কিসে জাহান্নামে নিক্ষিপ্ত করেছে? তারা বলবে, আমরা সালাতীদের অন্তর্ভুক্ত ছিলাম না, অভাবগ্রস্থকে আহার্য দিতাম না এবং আমরা সমালোচকদের সাথে সমালোচনা করতাম। আর আমরা প্রতিফল দিবসকে অস্বীকার করতাম। এমতাবস্থায় আমাদের কাছে মৃত্যু আগমন করলো। ফলে সুপারিশকারীদের সুপারিশ তাদের কোনো কাজে আসবে না”। (সূরা আল-মুদ্দাছছির: ৪২-৪৮) সুপারিশ এদের কোনো উপকারে না আসার কারণ হলো, এরা ছিল কাফের।

(২) এখানে যে শাফা‘আতকে নাকোচ করা হয়েছে, যা সাব্যস্ত করতো মুশরেক ও তাদের অনুরূপ মুসলিম ও আহলে কিতাবদের বিদআতীরা। তারা মনে করে আল্লাহর নিকট কোনো কোনো সৃষ্টির এমন মর্যাদা ও ক্ষমতা রয়েছে যে, তারা আল্লাহর বিনা অনুমতিতেই তার নিকট সুপারিশ করতে পারেন। যেমন একজন মানুষ অন্য মানুষের নিকট বিনা অনুমতিতেই সুপারিশ করতে পারে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13302

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন